তারিখ ...31 MAR 2017...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

সমকাল

# শিক্ষার্থীরাই নিজের জীবনের লক্ষ্য ঠিক করবে : জন রবার্টস

■ সমকাল প্রতিবেদক

নোবেল বিজয়ী বিজ্ঞানী স্যার রিচার্ড জন রবার্টস বলেছেন, বিজ্ঞান গবেষণা প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত লোক বাছাই জরুরি। এক্ষেত্রে তরুণদের অগ্রাধিকার দিতে হবে। তাদের ওপরই ভবিষ্যৎ নির্ভর করছে। যেসব তরুণ বিদেশে উচ্চশিক্ষা ও গবেষণা করতে যায়, তাদের দেশে ফিরিয়ে আনা নিশ্চিত করতে হবে। তিনি বলেন, শিক্ষার্থীদের প্রত্যেকের নিজস্ব পছন্দ থাকে। সে অনুযায়ী তারা জীবনের লক্ষ্য ঠিক করবে।



ঢাকায় প্রেস ব্রিফিংয়ে রিচার্ড জে. রবার্টস

গতকাল বৃহস্পতিবার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। শিক্ষক-শিক্ষার্থী ও গবেষকদের উৎসাহ প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট হলে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। ইংরেজ এই মলিকিউলার বায়োলজিস্ট ১৯৯৩ সালে চিকিৎসায় নোবেল পুরস্কার লাভ করেন। বর্তমানে নিউ ইংল্যান্ডের বিশ্বখ্যাত জীববিজ্ঞান গবেষণা কেন্দ্র 'বায়োল্যাবসে'র প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মরত। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক উপদেষ্টা বোর্ডের সদস্য হিসেবেও দায়িত্ব পালন করছেন তিনি।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর গবেষণা প্রতিষ্ঠানের সংকট নিয়ে এক প্রশ্নের জবাবে জন রবার্টস বলেন, সবচেয়ে উত্তম লোকটিকে গবেষণা প্রতিষ্ঠানের জন্য বাছাই করতে

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## শিক্ষার্থীরাই

[তৃতীয় পৃষ্ঠার পর]

হবে। জিএমও গবেষণায় বাংলাদেশের বিজ্ঞানীরা ভালো করছে উল্লেখ করে তিনি বলেন, সরকার এক্ষেত্রে সহায়তা করছে, এটাই আশার দিক।

বিজ্ঞান বিষয়ে পড়ার প্রতি শিক্ষার্থীদের কীভাবে আগ্রহী করা যায় এমন প্রশ্নে তিনি বলেন, শিক্ষার্থীরা বিজনেস পড়ার প্রতি আগ্রহী হচ্ছে। তবে অর্থকড়ি কখনোই সুখ বয়ে আনতে পারে না। প্রচুর টাকা সুখের মানদণ্ড নয়। শিক্ষার্থীদের প্রত্যেকের নিজস্ব পছন্দ থাকবে। সে অনুযায়ী তারা জীবনের লক্ষ্য ঠিক করবে।

জিএমও খাদ্য সম্পর্কে সচেতনতা তৈরির আহ্বান জানিয়ে তিনি বলেন, প্রচলিত খাবারের চেয়ে জেনেটিক্যালি মডিফায়েড ফুড (জিএম) খাদ্য নিরাপদ। এটা শরীরের জন্য ক্ষতিকর নয়, তা পরিবার, আত্মীয়-স্বজন ও সমাজকে যার যার অবস্থান থেকে বোঝানো যেতে পারে। গ্রিন পিসের মতো সংগঠনগুলো যে ভুল প্রচার চালাচ্ছে, সেটা তুলে ধরতে হবে।

অনুষ্ঠানে জানানো হয়, ক্যান্সারসহ মারাত্মক এনসিডি রোগগুলো সহজে শনাক্ত ও সুচিকিৎসার জন্য নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় নিজস্ব অর্থায়নে একটি জিনোম গবেষণা কেন্দ্র স্থাপন করেছে। এটি উদ্বোধনের জন্য যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী ড. রিটা আর কলওয়েল আগামী মে মাসে ঢাকা আসবেন।

সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ এবং উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক গিয়াস উদ্দিন আহসান বক্তব্য রাখেন।